গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল।
(www.fisheries.babuganj.barisal.gov.bd)

নম্বর: ৩৩.০২.০৬০৩.৫০১.০০০.২৯.০০০১.২৫.৭৯

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) প্রদানের লক্ষ্যে জেলেদের তালিকা হালনাগাদকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গত ২৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.২০.০০০৭.২৪.১৭০ নং পত্র মোতাবেক বর্তমান সরকারের সংশ্লিষ্ট জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) প্রদানের লক্ষ্যে জেলেদের তালিকা হালনাগাদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে বরিশালের বাবুগঞ্জ উপজেলায় জেলেদের ভিজিএফ (চাল) হিসাবে **"মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম ও জাটকা রক্ষা কার্যক্রম"** উপলক্ষ্যে প্রদত্ত তালিকা হালনাগাদের জন্য **নদীতে সরাসরি নিজে ইলিশ আহরণে সম্পৃক্ত জেলেরা** যারা এখনো তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, তাদেরকে মূল জেলে তালিকায় অন্তর্ভুক্তির জন্য ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত **"ইউনিয়ন টাস্কফোর্স কমিটি", "ইউনিয়ন মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি"** এবং **বর্তমান সরকারের সংশ্লিষ্ট জনপ্রতিনিধিবৃন্দ/তাদের প্রতিনিধিদের** সমন্বয়ে ইউনিয়ন পরিষদে সভা আহবান করে প্রদত্ত ছকপত্র-১ মোতাবেক নতুন অন্তর্ভুক্তির জন্য জেলেদের প্রস্তাবিত তালিকা এবং ছকপত্র-২ মোতাবেক তালিকা হতে বাদ দেওয়ার জন্য প্রস্তাবিত তালিকা আগামী ২৩ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হলো।

সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানবৃন্দ সভার কার্যবিবরণীসহ ইউনিয়ন পর্যায়ে অনুমোদিত উভয়প্রকার প্রস্তাবিত তালিকা প্রেরণ করবেন।

ছকপত্রে তথ্য প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা ছকপত্রের সাথে সংযুক্ত করা আছে।

ইউনিয়ন পরিষদের মাধ্যম ব্যতীত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বা সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ে কোন তালিকা বা আবেদন সরাসরি গ্রহণ করা হবেনা। সুতরাং আগ্রহী সকলকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হল।

**প্রস্তাব প্রেরণের জন্য কোনো ধরণের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে সংশ্লিষ্ট ব্যক্তি স্থায়ীভাবে নিবন্ধনের অযোগ্য হিসাবে বিবেচিত হবেন।**

১২/০৭/২০২৬

(এ. এফ. এম. নাজমুস সালেহীন)
পরিচিতি নম্বর: ০০৫৫১
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ই-মেইল: sufobabuganj@fisheries.gov.bd

নম্বর : ৩৩.০২.০৬০৩.৫০১.০০০.২৯.০০০১.২৫-৭৯(১/৩০)

২৮ আষাঢ় ১৪৩৩
তারিখ:...................
১২ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ)।
২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪। পরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা মৎস্য অফিসার, বরিশাল।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১। প্রতিনিধি, মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ)।
২। প্রশাসক, কেদারপুর/দেহেরগতি/মাধবপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৩। চেয়ারম্যান, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীরনগর/চাঁদপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৪। প্যানেল চেয়ারম্যান, রহমতপুর ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৫। প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), বাবুগঞ্জ, বরিশাল।
৬। জনাব............................................
৭। নোটিশ বোর্ড.................................

১২/০৭/২০২৬

(এ. এফ. এম. নাজমুস সালেহীন)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

## ছকপত্র-১

# জেলে নিবন্ধন তালিকায় নতুন অন্তর্ভূক্তির জন্য প্রস্তাবিত "ইলিশ আহরণে সম্পৃক্ত" জেলেদের তালিকা

উপজেলা: বাবুগঞ্জ ইউনিয়ন:

| Serial No | Name | পিতার নাম | National ID | Mobile No | Village | Ward No | Comment |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| | | | | | | | |

নির্দেশাবলী:

১। প্রস্তাবিত নামের ব্যক্তিকে অবশ্যই সরাসরি নিজে ইলিশ আহরণে জড়িত হতে হবে।

২। ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান অবশ্যই ১ নং নির্দেশাবলীর বিষয়টি যাচাই বাছাই করে নিশ্চিত করবেন।

৩। ৩ নং কলামের পিতার নাম জাতীয় পরিচয়পত্র হতে বাংলায় "Nikosh" ফন্ট ব্যবহার করে লিখতে হবে।

৪। ছকপত্রের ৩ নং কলাম ব্যতীত সকল কলাম অবশ্যই ইংরেজিতে "Calibri (Body)" ফন্ট ব্যবহার করে জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে পূরণ করতে হবে।

৫। ৬ এবং ৭ নং কলামের ক্ষেত্রে আবেদনকারীর বর্তমান ঠিকানা "নাগরিক সনদপত্র"-এর সাথে মিল রেখে পূরণ করতে হবে।

৬। তালিকার ক্রমিকের সাথে মিল রেখে প্রত্যেক আবেদনকারীর নিম্নোক্ত কাগজপত্র প্রেরণ করতে হবে।

ক. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি

খ. নাগরিক সনদপত্রের ফটোকপি

গ. দুইকপি সদ্যতোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি।

৭। জেলেদের তালিকায় যার অন্তর্ভুক্ত রয়েছে কোনভাবেই তার নাম এই প্রস্তাবিত তালিকায় প্রেরণ করা যাবেনা।

৮। উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ে যোগ্য ব্যক্তিগণই শুধুমাত্র চূড়ান্ত তালিকায় অন্তর্ভূক্তির যোগ্য হবেন।

৯। সকল তালিকা ইউনিয়ন পরিষদের মাধ্যমে পৌছাতে হবে। উপজেলা দপ্তরে সরাসরি কোন তালিকা বা আবেদন গ্রহণ করা হবেনা।

## <u>ছকপত্র-২</u>

## জেলে নিবন্ধন তালিকা হতে বাদ দেওয়ার জন্য প্রস্তাবিত তালিকা

উপজেলা: বাবুগঞ্জ ইউনিয়ন:

| Serial No | Serial in Union Latest List | Name | পিতার নাম | FID No | National ID | Village | বাদ পড়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| | | | | | | | |

নির্দেশাবলী:

১। মৃত্যু, প্রবাসী, কর্মসূত্রে এলাকার বাইরে অবস্থানকারী, একাধিকবার নিবন্ধিত, জেলে পেশা পরিবর্তনকারী ব্যক্তিদেরকে মূল জেলে তালিকা হতে বাদ দেওয়ার জন্য এই ছকে তথ্য প্রেরণ করতে হবে।

২। ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান অবশ্যই ১ নং নির্দেশাবলীর বিষয়টি যাচাই বাছাই করে নিশ্চিত করবেন।

৩। ৪ নং ও ৮ নং কলাম বাংলায় "Nikosh" ফন্ট ব্যবহার করে লিখতে হবে।

৪। ছকপত্রের ৪ নং ও ৮ নং কলাম ব্যতীত সকল কলাম অবশ্যই ইংরেজিতে "Calibri (Body)" ফন্ট ব্যবহার করে মৎস্য অফিস হতে প্রদত্ত সর্বশেষ তালিকার সাথে মিল রেখে পূরণ করতে হবে।

৫। ইউনিয়ন কমিটি কর্তৃক প্রস্তাবিত তালিকা উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের পরই চূড়ান্তভাবে বাতিলযোগ্য বলে গণ্য হবে।

৬। সকল তালিকা ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রেরণ করতে হবে। উপজেলা দপ্তরে সরাসরি কোন তালিকা বা আবেদন গ্রহণ করা হবেনা।